গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dpdt.gov.bd

স্মারক নম্বর- ৩৬.০৮.০০০০.২০০.৯৯.০০১.২২-২০৮৩ তারিখঃ ০৬/০৭/২০২৫ খ্রি.

অফিস আদেশ

পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের পেটেন্ট ইউনিটের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও জনসাধারণের সেবা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত পেটেন্ট সংক্রান্ত কার্যক্রম নিম্নবর্ণিত পর্যায়ে নিষ্পত্তি হবেঃ

| ক্রমিক নং | নথির ধরণ/ কার্যক্রম | সিদ্ধান্ত / নিষ্পত্তির পর্যায় |
|---|---|---|
| ১। | পেটেন্ট আবেদন প্রকাশনা / প্রকাশের পূর্বে প্রত্যাহার | উপ-পরিচালক |
| ২। | অনুসন্ধান প্রতিবেদন / পরীক্ষা প্রতিবেদন / সার্টিফাইড কপি | উপ-পরিচালক |
| ৩। | পরীক্ষায় উত্থাপিত আপত্তি বা প্রতিবেদন অনুমোদন / মূল্যায়ন / পেটেন্ট গ্রহণ সংক্রান্ত শুনানি গ্রহণ | উপ-পরিচালক/ পরিচালক |
| ৪। | জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট পেটেন্ট আবেদন | মহাপরিচালক |
| ৫। | পেটেন্ট মঞ্জুর / প্রত্যাখ্যান / বিরোধিতা / পেটেন্ট সনদ / আপিল সংক্রান্ত কার্যক্রম | মহাপরিচালক |
| ৬। | পেটেন্ট নবায়ন | উপ-পরিচালক |
| ৭। | তামাদি পেটেন্ট পুনরুদ্ধার | পরিচালক |
| ৮। | মালিকানা পরিবর্তন/ বাধ্যতামূলক লাইসেন্স/ আদালত সংশ্লিষ্ট কার্যক্রম | মহাপরিচালক |

০২। পেটেন্ট নথির সকল পর্যায়ের অনুমোদন কার্যক্রম ডিজিটাল ভার্সনে বা Industrial Property Administration System (IPAS) এর মাধ্যমে সম্পন্ন করা হবে এবং অনুমোদনের সকল তথ্য প্রয়োজন অনুসারে হার্ড ফাইলে সংরক্ষিত থাকবে। অনলাইনে প্রদানযোগ্য না হওয়া পর্যন্ত পেটেন্ট সনদ হার্ড কপিতে প্রদান করা যাবে।

০৩। পেটেন্ট আবেদন সংক্রান্ত সাধারণ চিঠিপত্র গ্রহণের ক্ষেত্রে পরিচালক দায়িত্ব পালন করবেন।

০৪। এতদ্বারা এ সংক্রান্ত ২৪/০৮/২০২৩ তারিখের আদেশটি বাতিল করা হলো। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৬/০৭/২০২৫

(মোঃ জাহাঙ্গীর হোসেন)
মহাপরিচালক
ফোনঃ +৮৮০২-২২৩৩৮০৬৯৬
dg@dpdt.gov.bd

বিতরণঃ
১। পরিচালক (সকল), ডিপিডিটি, ঢাকা
২। সিস্টেম এনালিস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। উপ-পরিচালক (সকল), ডিপিডিটি, ঢাকা
৪। সহকারী পরিচালক (পেটেন্ট), (সকল), ডিপিডিটি ঢাকা